রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ২২, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/২২ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৬৬-আইন/২০২৪।**— সরকার Commissions of Inquiry Act, 1956 (Act No. VI of 1956) এর section 3 এ প্রদত্ত ক্ষমতাবলে উক্ত Act এর অধীন বিগত ১৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও নং-৩১২-আইন/২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর ৬ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নম্বর ৬ প্রতিস্থাপিত হইবে, যথা :—

> "৬। অন্য যে কোনো পেশা, ব্যবসায় কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠন এর সহিত কর্ম-সম্পর্ক (যথা ডেপুটেশন, লিয়েন, ছুটি ইত্যাদি) থাকিলে তাহা সাময়িকভাবে স্থগিতের শর্তে তদন্ত কমিশনের সভাপতি বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক এবং কমিশনের সদস্যগণ হাইকোর্ট বিভাগের একজন বিচারকের মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধা প্রাপ্য হইবেন।"

২। এই প্রজ্ঞাপন ১৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**ড. শেখ আব্দুর রশীদ**
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০